



(একই তারিখ ও স্মারকে ছলাভিষিক্ত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: <http://rc.gov.bd> / <http://rc.edu.bd>
online news portal: <http://rc.edu.bd/rcbarta> Fax: 02588853145

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪.১৬০৫

তারিখ ০৫ ভাদ্র ১৪৩১ ব:
২০ আগস্ট ২০২৪ খ্রি.

২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের সময় বৃদ্ধি সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি স্মারক নং- জাতী:বি/পনি/অনার্স-১ম বর্ষ/২০১০/(৩১৩৬)/৫৭৭১, তারিখ: ১৪/০৮/২০২৪ মোতাবেক ২০০০/- (দুই হাজার) বিলম্ব ফিসহ ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের সময়সূচী নিম্নবর্ণিতভাবে বৃদ্ধি করা হলো। নির্ধারিত সময়সূচীর মধ্যে পরীক্ষার ফরম পূরণ করার জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থীদেরকে নির্দেশ দেয়া হলো।

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে শুধু ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না। কোন শিক্ষার্থী ফরমপূরণ/পরীক্ষায় অংশগ্রহণ/অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। উল্লেখ্য, ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নেই।

পরীক্ষার ফরম পূরণের সময়সূচী

তারিখ	বিষয়ের নাম	সময়	ফরম পূরণের স্থান
২২/০৮/২০২৪ ও ২৫/০৮/২০২৪	সকল বিষয়	সকাল ১০.০০ টা থেকে বেলা ২.০০ টা পর্যন্ত	স্ব স্ব বিভাগ

বিভাগ সমূহ থেকে Online-এ ডাটা এন্ট্রির নিশ্চয়নকৃত মূল প্রিন্ট আউট (বিবরণী) কপি (বাঁধাইকৃত) ০২ (দুই) সেট ও হিসাব বিবরণী সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির নিকট জমা দেয়ার তারিখ ২৭/০৮/২০২৪ ইং বেলা ০১:০০ টার মধ্যে।

উল্লেখ্য, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফরম পূরণ সংক্রান্ত প্রকাশিত বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানানো হলো।



স্বাঃ
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৪.১৬০৫(২৯)

তারিখ ০৫ ভাদ্র ১৪৩১ ব:
২০ আগস্ট ২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো

- ১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ২। বিভাগীয় প্রধান,.....বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ৩। আহ্বায়ক, অনার্স ১ম বর্ষ পরীক্ষা কমিটি-২০২৩, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ৪। আইসিটি শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ৫। প্রধান তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক, মুসলিম ছাত্রাবাস/ছাত্রীনিবাস/হিন্দু ছাত্রাবাস, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ৬। DBBL, রাজশাহী শাখা, রাজশাহী।
- ৭। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ৮। সংরক্ষণ নথি।


অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

২০/০৮/২০২৪